গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ৩

প্রস্তাবনা ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ১৮

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ২১

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

আধুনিক তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে সাশ্রয়ী ও নির্ভরযোগ্য ডাক ও টেলিযোগাযোগ সেবা জনগণের দোরগোড়ায় পৌছানোর দায়িত্ব ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ওপর ন্যস্ত। ডাক ও টেলিযোগাযোগ সেবা যুগোপযোগীকরণ ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের লক্ষ্যে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন, দেশের প্রত্যন্ত অঞ্চলকে ব্রডব্যান্ড নেটওয়ার্কের আওতায় আনয়ন, টেলিযোগাযোগ সংক্রান্ত আইন ও নীতিমালা প্রণয়ন, আইটিইউ (ITU) ও ইউপিইউ (UPU) সহ আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সংযোগ রক্ষা করে ডাক ও টেলিযোগাযোগ সেবা আধুনিকায়নে এ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিগত তিন বছরে সকল জেলা, উপজেলা ও ইউনিয়নসমূহে ২২৫০০ কি:মি: অপটিক্যাল ফাইবার স্থাপন করা হয়েছে। ইন্টারনেটের ব্যাপ্তি বৃদ্ধির লক্ষ্যে ব্যান্ডউইথ মূল্য হ্রাস করা হয়েছে। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করা হয়েছে। মোবাইল ফোন অপারেটর-এর মাধ্যমে 4G সেবা চালু করা হয়েছে। টেলিটকের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ, স্বাস্থ্য, কৃষি, মোবাইল ব্যাংকিং, দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি কার্যক্রম চালু করা হয়েছে। টেলিফোন শিল্প সংস্থা কর্তৃক ল্যাপটপ, ডিজিটাল এনার্জি মিটার উৎপাদন চলছে। ৮৫০০টি ডাকঘরকে পোস্ট-ই সেন্টার-এ রূপান্তরিত করা হয়েছে। ৮৫০০টি ডাকঘরে পোস্টাল ক্যাশকার্ড ও ৮৫০০টি ডাকঘরে ইলেকট্রনিক মানি ট্রান্সফার সার্ভিস (ইএমটিএস) চালু করা হয়েছে। টেলিডেনসিটি ৯১.৩০% এবং ইন্টারনেট পেনিট্রেশন ৫০.৫০% অর্জিত হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

প্রতিনিয়ত টেলিযোগাযোগ খাতে প্রযুক্তিগত পরিবর্তনের ফলে আইন, পলিসি ও গাইডলাইন যুগোপযোগীকরণ ও যথাসময়ে নতুন প্রযুক্তির অভিযোজন একটি বড় চ্যালেঞ্জ। ডাক অধিদপ্তরের পরিবহন ব্যবস্থা আধুনিকায়ন ও আধুনিক মেইল প্রসেসিং সেন্টার স্থাপনের মাধমে ডাক সেবা প্রদানের উদ্যোগ নেয়া প্রয়োজন। যোগাযোগের ক্ষেত্রে মোবাইল ও ইন্টানেট নতুন ভূমিকায় অবতীর্ণ হওয়ায় ডাক অধিদপ্তরকে প্রতিনিয়ত সেবা বহুমুখীকরণের প্রচেষ্টা গ্রহণ করতে হচ্ছে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

সাশ্রয়ী, মানসম্পন্ন ও আন্তর্জাতিকমানের টেলিযোগাযোগ ও ডাক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে সকল ইউনিয়নে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক স্থাপন, ইন্টারনেট ব্যান্ডউইথের মূল্য হ্রাসকরণ, ইন্টারনেটভিত্তিক সাইবার নিরাপত্তা ব্যবস্থা চালুকরণ।

২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৭০০০ কি:মি: অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন;
- ৫০০০০ ডিজিটাল বৈদ্যুতিক মিটার এবং ৩০০০ ল্যাপটপ সংযোজন/উৎপাদন;
- নেটওয়ার্ক সম্প্রসারণের জন্য ১০০০ BTS এবং ৬০০ Node-B স্থাপন; এবং
- ব্যান্ডউইথ বিক্রয় বৃদ্ধি এবং ইন্টারনেটভিত্তিক সাইবার নিরাপত্তা ব্যবস্থা চালুকরণ।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ: ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৮ সালের জুলাই মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

সাশ্রয়ী, সর্বজনীন এবং নির্ভরযোগ্য টেলিযোগাযোগ ও ডাক সেবা।

১.২ অভিলক্ষ্য (Mission)

প্রাতিষ্ঠানিক উন্নয়ন ও আধুনিক প্রযুক্তি অভিযোজনের মাধ্যমে সাশ্রয়ী, মানসম্পন্ন ও আন্তর্জাতিক মানের টেলিযোগাযোগ ও ডাকসেবা নিশ্চিতকরণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. টেলিযোগাযোগ সেবার আধুনিকায়ন ও সম্প্রসারণ

২. ডাক সেবার আধুনিকায়ন, আইসিটিভিত্তিক ডাকসেবার সম্প্রসারণ

৩. সেবা বহুমুখীকরণ

৪. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন

২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

৩. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ

৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. সারাদেশে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন ও রক্ষণাবেক্ষণ ও সেবা প্রদান;

২. টেলিযোগাযোগ পণ্য ও সরঞ্জামাদি উৎপাদন/সংযোজন/সরবরাহ;

৩. ডাক সেবা প্রদান;

৪. ডাকঘরের মাধ্যমে সঞ্চয় সেবা প্রদান; এবং

৫. ডাকঘরের মাধ্যমে জীবন বীমা সেবা প্রদান।

সেকশন ২

মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব	চূড়ান্ত ফলাফল সূচক	একক	প্রকৃত অর্জন ২০১৬-১৭	প্রকৃত অর্জন* ২০১৭-১৮	লক্ষ্যমাত্রা ২০১৮-১৯	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০১৯-২০	২০২০-২১		
টেলিডেনসিটি বৃদ্ধি	টেলিডেনসিটি	% (ক্রমপুঞ্জিভূত)	৮৭.৩২	৯১.৩	৯৩	৯৪	৯৫	বিটিসিএল, মোবাইল অপারেটরসমূহ	বিটিআরসির প্রতিবেদন/বার্ষিক প্রতিবেদন/ওয়েবসাইট
ইন্টারনেট পেনিট্রেশন বৃদ্ধি	ইন্টারনেট পেনিট্রেশন	% (ক্রমপুঞ্জিভূত)	৪৫.২৯	৫০.৫০	৬০	৭০	৮০	বিটিসিএল, বিএসসিসিএল,মোবাইল অপারেটরসমূহ	বিটিআরসির প্রতিবেদন/ বার্ষিক প্রতিবেদন/ ওয়েবসাইট

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ